

বঙ্গবন্ধুর দর্শন  
সমবায় উন্নয়ন



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
উপজেলা সমবায় কার্যালয়, ধামইরহাট, নওগাঁ

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা সমবায় কার্যালয়, ধামইরহাট, নওগাঁর নৈতিকতা কমিটির সদস্যবৃন্দের সমন্বয়ে অনুষ্ঠিত সেপ্টেম্বর/২০২২ মাসের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	: জনাব মোঃ হারুনুর রশীদ উপজেলা সমবায় কার্যালয়, ধামইরহাট, নওগাঁ।
সভার তারিখ	: ১৫/০৯/২০২২ খ্রিঃ
সভার সময়	: বেলা ১১.০০ ঘটিকা।
স্থান	: উপজেলা সমবায় কার্যালয়, ধামইরহাট, নওগাঁ।
উপস্থিতি	: নৈতিকতা কমিটি, উপজেলা সমবায় কার্যালয়, ধামইরহাট, নওগাঁ।

অধ্যকার সভার সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা, ২০২২-২০২৩ বাস্তবায়নে নৈতিকতা কমিটি, উপজেলা সমবায় কার্যালয়, ধামইরহাট, নওগাঁ কর্তৃক আলোচ্যসূচী মোতাবেক আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্ন বর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	নৈতিকতা কমিটির সভা	নৈতিকতা কমিটির সভা সংক্রান্ত আলোচনায় প্রতি ত্রৈমাসে নৈতিকতা কমিটির সভা করার জন্য সভাপতি মহোদয় নৈতিকতা কমিটির সদস্য সচিবকে নির্দেশনা প্রদান করেন।	প্রতি ত্রৈমাসে নৈতিকতা কমিটির সভা করা হবে।	নৈতিকতা কমিটি
২	নিরাপদ পানির ব্যবস্থাকরণ।	সভায় নিরাপদ পানির ব্যবস্থাকরণ বিষয়ে আলোচনা হয়। সভাপতি বলেন স্বাস্থ্যঝুঁকি নিরসনে নিরাপদ পানির ব্যবস্থা করতে জেলা সমবায় অফিসার মহোদয় বরাবর আবেদন জানানোর কথা বলা হয়।	অত্র কার্যালয়ে নিরাপদ পানির ব্যবস্থা করতে উপজেলা সমবায় অফিসার মহোদয় বরাবর আবেদন করার সিদ্ধান্ত হয়।	নৈতিকতা কমিটি
৩	অফিস ঘর এবং পাশ্ববর্তী এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন রাখা।	অফিস ঘর এবং পাশ্ববর্তী এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন রাখা জরুরী বলে সভাপতি মনে করেন।	অফিস ঘর এবং পাশ্ববর্তী এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত।	নৈতিকতা কমিটি
৪	স্বাস্থ্যবিধি অনুসরণের জন্য হ্যান্ডস্যানিটাইজারের ব্যবস্থা করা।	বর্তমান করোনা মহামারি হতে সুরক্ষা পেতে হ্যান্ডস্যানিটাইজারের ব্যবস্থা করা বিষয়ে আলোচনা হয়।	আলোচনা শেষে টয়লেটের পার্শে এবং অজুখানার পার্শে সব সময় সাবান এবং হ্যান্ডস্যানিটাইজার রাখার সিদ্ধান্ত হয়।	নৈতিকতা কমিটি
৫	বাধ্যতামূলক মাস্ক পরিধান।	এ বিষয়ে সভাপতি সাহেব বলেন সকলকেই অফিস সময়ে মাস্ক পরিধান করতে হবে। অফিস স্টাফ পরিধান না করলে সেবা গ্রহিতারা কখনও পরিধান করবে না।	অফিস চলাকালীন সময়ে সকল কর্মকর্তা/কর্মচারীগনকে মাস্ক পরিধান করতে হবে এবং সেবা গ্রহিতারা যাতে মাস্ক পরিধান করে আসেন সেক্ষেত্রে তাদের উৎসাহিত করতে সিদ্ধান্ত হয়।	নৈতিকতা কমিটি

অতঃপর আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যদের কে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৫/০৯/২২